রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ/২১ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩৫৫-আইন/২০২৬।**—সরকার, নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০(২০০০ সনের ৮ নং আইন) এর ধারা ২৬ এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নের টেবিলে এর কলাম (২) এ বর্ণিত নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহের বিপরীতে টেবিল এর কলাম (৩) এ বর্ণিতমতে অধিক্ষেত্র পুনঃনির্ধারণ করিল, যথা:—

| ক্রমিক | ট্রাইব্যুনালসমূহের নাম | স্থানীয় এখতিয়ার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, ঢাকা | কোতয়ালী, ওয়ারী, সূত্রাপুর, বংশাল, গেন্ডারিয়া, শ্যামপুর, কদমতলী ও ধামরাই থানা এলাকা |
| ২. | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২, ঢাকা | পল্লবী, শেরেবাংলা নগর, লালবাগ, পল্টন, চকবাজার, নিউমার্কেট, উত্তর খান ও নবাবগঞ্জ থানা এলাকা |
| ৩. | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩, ঢাকা | যাত্রাবাড়ী, ডেমরা, সবুজবাগ ও খিলগাঁও থানা এলাকা |
| ৪. | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৪, ঢাকা | দক্ষিণ কেরানীগঞ্জ, কেরানীগঞ্জ মডেল ও দোহার থানা এলাকা |

| ক্রমিক | ট্রাইব্যুনালসমূহের নাম | স্থানীয় এখতিয়ার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৫. | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৫, ঢাকা | ঢাকা রেলওয়ে, শাহজাহানপুর, মুগদা, আদাবর, ভাষানটেক, দক্ষিণখান, হাজারীবাগ ও কামরাঙ্গীরচর থানা এলাকা |
| ৬. | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৬, ঢাকা | মোহাম্মদপুর, মতিঝিল, রমনা, ধানমন্ডি, তেজগাঁও, তেজগাঁও শিল্পাঞ্চল ও রূপনগর থানা এলাকা |
| ৭. | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৭, ঢাকা | বাড্ডা, হাতিরঝিল, বনানী, কলাবাগান, ক্যান্টনমেন্ট, উত্তরা পূর্ব, উত্তরা পশ্চিম, বিমানবন্দর ও কাফরুল থানা এলাকা |
| ৮ | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৮, ঢাকা | মিরপুর মডেল, শাহ্ আলী, শাহবাগ, দারুস সালাম, গুলশান, খিলক্ষেত, তুরাগ, ভাটারা ও রামপুরা থানা এলাকা |
| ৯. | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৯, ঢাকা | সাভার ও আশুলিয়া থানা এলাকা |

২। এ প্রজ্ঞাপন জারির অব্যবহিত পূর্বে উপরি-উক্ত কোনো ট্রাইব্যুনালে বিচারাধীন মামলা, যাহা এই প্রজ্ঞাপনের ফলে অন্য কোনো ট্রাইব্যুনালের স্থানীয় এখতিয়ারভুক্ত হইয়াছে, তাহা ৬০ (ষাট) দিনের মধ্যে আইনানুগভাবে সংশ্লিষ্ট ট্রাইব্যুনালে স্থানান্তরিত হইবে এবং কোনো মামলা যেই পর্যায়ে স্থানান্তরিত হইবে, উক্ত মামলা সেই পর্যায় হইতে বিচারকার্য আরম্ভ হইবে।

৩। উক্ত ট্রাইব্যুনালসমূহের স্থানীয় এখতিয়ার নির্ধারণপূর্বক বিগত ২৩ জুলাই, ২০১৮ তারিখের এস.আর. ও নং-২৩৯-আইন/২০১৮ মূলে জারীকৃত প্রজ্ঞাপনের ১—৯ নম্বর ক্রমিকের অংশটুকু এতদ্দ্বারা বাতিল করা হইলো।

৪। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আশেকুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd